

## খুলনা বিশ্ববিদ্যালয়ের দশক পূর্তি ২৫ নভেম্বর

খুলনা অফিস ॥ আগামী ২৫শে নভেম্বর খুলনা বিশ্ববিদ্যালয়ের একদশক পূর্তি ও বিশ্ববিদ্যালয় দিবস পালিত হতে যাচ্ছে। প্রধানমন্ত্রী খালেদা জিয়া আগের দিন কর্মসূচীর উদ্বোধন করবেন। ১৯৯১ সালে তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের উদ্বোধন করেন। তখন ৪টি ডিসি-প্লানের আওতায় মাত্র ৮০ জন শিক্ষার্থী নিয়ে এর যাত্রা শুরু হয়। বর্তমানে ৫টি কলেজ অধীন ৩ সহস্রাধিক ছাত্র-ছাত্রী এই বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করছে।

একটি নতুন বিশ্ববিদ্যালয় হিসেবে খুলনা বিশ্ববিদ্যালয়ের নানাবিধ সমস্যা রয়েছে। আর এই সমস্যাগুলো কোন প্রশাসনিক বা

ব্যবস্থাপনায় নয়। সমস্যা হচ্ছে অবকাঠামো। বর্তমানে ২টি একাডেমিক ভবন রয়েছে। যেখানে সংকুলান হচ্ছে না ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের। ২টি ছাত্র হল ও ১টি ছাত্রী হল থাকলেও প্রয়োজনের তুলনায় আসন সংখ্যা খুবই কম। এখনও নিমিত হয়নি কেন্দ্রীয় লাইব্রেরী ভবন, কেন্দ্রীয় মিলনায়তন, জিমনেশিয়ামসহ অতি প্রয়োজনীয় অবকাঠামো।